# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

## BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০০২.২৩-২২ তারিখঃ ০৬/০৫/২০২৫ খ্রিঃ।

### "দপ্তরাদেশ"

হবিগঞ্জ পওর বিভাগ, বাপাউবো, হবিগঞ্জ এর আওতায় বাস্তবায়নাধীন "বিবিয়ানা বিদ্যুৎ কেন্দ্রসমূহের সম্মুখে কুশিয়ারা নদীর উভয় তীরের সংরক্ষণ" শীর্ষক প্রকল্পের কাজের গুনগত ও পরিমান মান যাচাইকালে প্যাকেজ নং-Habi/Bibiyana/WD-07/2019-20 এ টাস্কফোর্স কর্তৃক দৈবচয়ন ভিত্তিতে বাছাইকৃত ব্লকসমূহ ০৭ কার্যদিবসের মধ্যে টেস্ট ল্যাবরেটরিতে পৌঁছানোর নির্দেশনা সত্বেও ১৩ (তের) দিন পর (সিসি ব্লকের স্থির চিত্রে স্বাক্ষর ও অন্যান্য লেখাসমূহ অস্পষ্ট/ঘষামাজা/ডুপ্লিকেট অবস্থায়) বাপাউবোর কোন প্রতিনিধি ব্যতিত ঠিকাদারের মাধ্যমে সরাসরি ল্যাবরেটরিতে দাখিল করা ও তৎপরিবর্তিতে তদন্তে ৮ টি সিসি ব্লকের স্থিরচিত্রের মধ্যে গরমিল পাওয়া এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর টাস্কফোর্সের গাইডলাইন-২০২১ যথাযথভাবে প্রতিপালন না করার অভিযোগে জনাব মোঃ মমিনুল হক, উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, হবিগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, হবিগঞ্জ ( বর্তমানে উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, সাতক্ষীরা পানি উন্নয়ন বিভাগ-২, বাপাউবো, সাতক্ষীরা) এর বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) প্রবিধানমালা ২০১৩ মোতাবেক কার্যধারা সূচনাপূর্বক অভিযোগনামা প্রেরণ করা হয়। তদপ্রেক্ষিতে তিনি লিখিত জবাব দাখিল করেছেন। কর্মকর্তার দাখিলকৃত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় অভিযোগনামায় উল্লিখিত অভিযোগসমূহ তদন্তের জন্য একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

২। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামত ও আনুষাঙ্গিক রেকর্ডপত্র সার্বিক পর্যালোচনান্তে জনাব মোঃ মমিনুল হক, উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, সাতক্ষীরা পানি উন্নয়ন বিভাগ-২, বাপাউবো, সাতক্ষীরা (সাবেক উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, হবিগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, হবিগঞ্জ) এর উপর তিরস্কার (Censure) দন্ড আরোপের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ মমিনুল হক, উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, সাতক্ষীরা পানি উন্নয়ন বিভাগ-২, বাপাউবো, সাতক্ষীরা (সাবেক উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, হবিগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, হবিগঞ্জ) এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(ক) (অ) মোতাবেক তার উপর তিরস্কার (Censure) দন্ড আরোপ করা হলো।

৪। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

০৬/০৫/২০২৫
(শেখ মাসুদুল হক)
পরিচালক
শৃঙ্খলা পরিদপ্তর
বাপাউবো, ঢাকা।

(অঃপৃঃদ্রঃ)

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০০২.২৩-২২(১৪) তারিখঃ ০৬/০৫/২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. প্রধান প্রকৌশলী (পুর), দক্ষিণ-পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা।
২. প্রধান প্রকৌশলী (পুর), উত্তর-পুর্বাঞ্চল, বাপাউবো, সিলেট।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. পরিচালক, কর্মচারী/হিসাবরক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
৬. সিএসও টু মহাপরিচালক বাপাউবো, ঢাকা।
৭. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মৌলভীবাজার পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, ঢাকা।
৮. নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পানি উন্নয়ন বিভাগ-২, বাপাউবো, সাতক্ষীরা।
৯. নির্বাহী প্রকৌশলী, হবিগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, হবিগঞ্জ।
১০. উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, খুলনা।
১১. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম রিজিওন), বাপাউবো, ঢাকা।
১২. জনাব মোঃ মমিনুল হক, উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, সাতক্ষীরা পানি উন্নয়ন বিভাগ-২, বাপাউবো, সাতক্ষীরা (সাবেক উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, হবিগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, হবিগঞ্জ)

০৬/০৫/২০২৫
(মোঃ শামীম হোসেন)
উপ-পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৯১২১১০০১

ডায়েরী নং ৫৫৫ তারিখঃ ৭/৫/২৫
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব রক্ষক
অফিস সহঃ কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক
জারকারী/অতিঃ জারকারী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন
০৭/০৫/২০২৫
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।